

15th G20 Leaders' Summit

November 22, 2020

জি-২০ নেতৃবৃন্দের পঞ্চদশ শিখর সম্মেলন

নভেম্বর ২২, ২০২০

১) প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২১-২২ নভেম্বর, ২০২০-তে সৌদি আরব আয়োজিত পঞ্চদশ জি-২০ শিখর সম্মেলনে ভারতীয় প্রযুক্তির মাধ্যমে অংশগ্রহণ করেছেন। জি-২০ শীর্ষ সম্মেলনের দ্বিতীয় দিনের অনুষ্ঠানসূচীতে একটি সংহত, স্থায়ী এবং উন্নত ভবিষ্যৎ গড়ে তোলা ও পৃথিবীকে সুরক্ষিত রাখার লক্ষ্যে একটি পার্শ্ব অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল।

২) প্রধানমন্ত্রী এবার তাঁর ভাষণে কোভিড-পরবর্তী বিশ্বে সংহত, ক্ষমতায়িত এবং স্থায়ী পুনরুদ্ধারের প্রয়োজনের ওপর জোর দিয়ে বলেন যে কার্যকরী আন্তর্জাতিক শাসন প্রণালীর প্রয়োজন রয়েছে, আর বহুপাক্ষিক প্রতিষ্ঠানগুলির স্বরূপ, সংগঠন এবং প্রক্রিয়াগুলি সংস্কারের মাধ্যমে বহুপাক্ষিক উন্নতিই হল এখন সময়ের চাহিদা।

৩) প্রধানমন্ত্রী ভবিষ্যতে নিরন্তর উন্নয়নের লক্ষ্য নির্ধারণের জন্য এজেন্ডা, ২০৩০-এর গুরুত্বের কথা তুলে ধরেন। এর মূল উদ্দেশ্য হল, কাউকে পিছিয়ে পড়তে দেওয়া চলবে না। তিনি বলেছেন, ভারত এগিয়ে যাওয়ার জন্য রিফর্ম, পারফর্ম, ট্রান্সফর্ম-এর সিদ্ধান্তগুলি পালন এবং সংহত বিকাশের চেষ্টা করছে এবং সাফল্যের সঙ্গে বাস্তবায়িত করছে।

৪) কোভিড-১৯ মহামারীর প্রেক্ষিতে পরিবর্তিত পরিস্থিতিতে তিনি বলেন, ভারত একটি আত্মনির্ভর ভারত গড়ে তোলার প্রক্রিয়া চালু করেছে। নিজস্ব ক্ষমতা এবং নির্ভরতার ভিত্তিতে এই দৃষ্টিকোণ অবলম্বন করে ভারত বিশ্ব অর্থনীতি এবং আন্তর্জাতিক সরবরাহ শৃঙ্খলে একটি গুরুত্বপূর্ণ এবং বিশ্বস্ত স্তম্ভে পরিণত হবে। আন্তর্জাতিক স্তরে ভারত আন্তর্জাতিক সৌর সঙ্ঘ এবং বিপর্যয় ব্যবস্থাপনা পরিকাঠামো নিয়ে আন্তর্জাতিক সঙ্ঘের মতো প্রতিষ্ঠান স্থাপনের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করেছে।

৫) আমাদের গ্রহকে নিরাপদ রাখার জন্য আয়োজিত একটি পার্শ্ব অনুষ্ঠানে তাঁর রেকর্ড করা বার্তা শোনানো হয়, যেখানে প্রধানমন্ত্রী জলবায়ু পরিবর্তনের মাধ্যমে ঐক্যবদ্ধ, ব্যাপক এবং সামগ্রিকভাবে লড়াইয়ের প্রয়োজনীয়তা নিয়ে কথা বলেছেন। তিনি বলেছেন যে ভারত শুধুই প্যারিস চুক্তির লক্ষ্য পূরণ করছে না, তার থেকেও বেশি করছে। তিনি জোর দিয়ে বলেছেন যে ভারত পরিবেশের সঙ্গে সামঞ্জস্য বজায় রাখার ক্ষেত্রে নিজস্ব পারম্পরিক লোকাচারগুলি থেকে প্রেরণা নিয়ে কাজ করছে। আর এভাবে কার্বন নিঃসরণ হ্রাস ও জলবায়ুর ক্ষেত্রে নমনীয় উন্নয়নের দৃষ্টিকোণ মেনে চলছে। তিনি বলেন, মানবতার সমৃদ্ধির জন্য প্রত্যেক ব্যক্তিকে সমৃদ্ধ হতে হবে আর আমাদের শ্রমিকদের শুধুই উৎপাদনের একটি কারক রূপে দেখা উচিত নয়। তার বদলে আমাদের প্রত্যেক শ্রমিকের মানবিক গরিমার দিকে লক্ষ্য রাখা উচিত। তিনি বলেন যে এই ধরনের দৃষ্টিকোণ আমাদের গ্রহের নিরাপত্তার ক্ষেত্রে সবচাইতে বেশি নিশ্চয়তা দেবে।

৬) প্রধানমন্ত্রী রিয়াধ শিখর সম্মেলনটি সাফল্যের সঙ্গে আয়োজনের জন্য সৌদি আরবকে ধন্যবাদ দেন এবং ২০২১-এ জি-২০ সভাপতিত্ব সামলানোর জন্য ইতালিকে স্বাগত জানান। সম্মেলনে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে জি-২০-র সভাপতিত্ব ২০২২-এ ইন্দোনেশিয়া, ২০২৩-এ ভারত এবং ২০২৪-এ ব্রাজিল করবে।

৭) শীর্ষ সম্মেলনের শেষে জি-২০ নেতৃবৃন্দের একটি ঘোষণাপত্র জারি করা হয়। এতে একটি সংহত আন্তর্জাতিক পদক্ষেপ, একজোট হয়ে কাজ করা এবং বহুপাক্ষিক সহযোগিতার আবেদন জানানো হয়। এই সক্রিয় উদ্যোগগুলির মাধ্যমে বর্তমান চ্যালেঞ্জগুলি দূর করে, অন্যান্যদের ক্ষমতায়িত করে পৃথিবী গ্রহের নিরাপত্তা রক্ষা সুনিশ্চিত করতে নতুন সম্ভাবনাগুলিকে বাস্তবায়িত করে সকলের জন্য একবিংশ শতাব্দীর নতুন নতুন সুযোগগুলিকে হাসিল করার পথ খুলে দিতে হবে।

নিউ দিল্লি

নভেম্বর ২২, ২০২০

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.